

# সকল খ্রিষ্টীয়ানদের জন্য আহ্বান

সারা পৃথিবীর নারী নেত্রী হিসেবে আমরা চার্চের পুরুষ ও নারীদের একসঙ্গে কাজ করার জন্য আহ্বান করতে চাই, যেন নারী-পুরুষ এবং মেয়ে-ছেলেরা সকলেই তাদের নিজ নিজ আত্মিক দানগুলো গ্রহণ করতে পারে যাতে ঈশ্বরের গৌরবের জন্য চার্চেও স্বাক্ষর ও কাজ আরো অধিক শক্তিশালী হয়।

বিভিন্ন অবস্থানের নারীরা এই আহ্বানের বিষয়ে দৃঢ় বিশ্বাসের সাথে একমত যে, লিঙ্গ বৈষম্য এবং এ নিয়ে বিতর্কিত বিষয় গুলো চার্চের সুসমাচারের রূপান্তর করার কার্যকর ক্ষমতাকে হ্রাস করেছে।

আমরা নিশ্চয়তায় ঘোষণা করি, যীশু এসেছিলেন যাতে আমরা তাঁর সমস্ত পূর্ণতা আমাদের জীবন পেতে পারি। বাইবেল নিশ্চিত করে যে যীশু নারীদের ডেকেছিলেন, সাদরে গ্রহণ করেছিলেন, পুনরুদ্ধার এবং সজ্জিত করেছিলেন যাতে আমরা সুসমাচারের পরিবর্তনকারী কার্যকর ক্ষমতাকে প্রকাশ ও প্রচার করতে পারি।

আমরা বাধ্যতার সহিত বাইবেলের এই ভিত্তির উপর নির্ভর করে আমাদের এই সচেতনতাকে আরো ব্যাপকভাবে ছড়িয়ে দিতে, আমাদের মনোযোগ আরো বৃদ্ধি করতে এবং সকল মানুষের পুনরুদ্ধারের জন্য ঈশ্বরের যে আকাঙ্ক্ষা রয়েছে সেই সুনির্দিষ্ট বিষয়ের প্রতি সচেষ্টিত হওয়ার বিষয়ে প্রতিশ্রুতি প্রদান করছি।

## সচেতনতা

আমরা স্বীকার করছি যে :

আমাদের সমাজ এবং নেতৃত্বের অবকাঠামো নারী এবং মেয়েদের নেতৃত্ব প্রদানের জন্য স্বাধীনতা, উৎসাহ এমনকি নিরাপদ পরিবেশ দেয় না। বিশ্বব্যাপী চার্চের নারী নেতৃত্বের কাজ করার ক্ষেত্রে তাদের সুযোগ খুব সীমিত। অনেকে তাদের আত্মিক দান এবং প্রতিভা সম্পূর্ণরূপে ব্যবহার করার ক্ষেত্রে বাধার সম্মুখীন হয়। চার্চ অনেক নারী ও মেয়েদের অনেক খারাপভাবে আক্রান্ত করে এবং তাদের যে চ্যালেঞ্জগুলোর বিষয়ে লক্ষ্য দেয় না।

## মনোযোগ দেওয়া

আমরা অঙ্গীকার করছি যে:

নারীদের অভিজ্ঞতা, দৃষ্টি ভঙ্গি, তাদের আনন্দ ও কষ্টের বিষয় মনোযোগী হব।

দুর্বল জনগোষ্ঠী হিসেবে নারী ও মেয়েদের অবস্থান এর বৈষম্য, সহিংসতা, ও তাদের বর্জনের স্বীকারের বিষয়ে মনোযোগী হব। কারণ তারা এ বিষয়ে সবচেয়ে বেশি ঝুঁকিতে রয়েছে।

চার্চের পূর্ণ স্বাস্থ্য ও শক্তির জন্য নারী ও মেয়েদের ঈশ্বর যে আত্মিক দানগুলো দিয়েছেন সে সকল বিষয় সুনির্দিষ্ট ভাবে চিহ্নিত করে সে বিষয় তাদের আগ্রহ সৃষ্টি করব।

## পদক্ষেপ

আমাদের অবশ্যই সকলকে পদক্ষেপ নিতে হবে যে:

ইতিবাচক বিষয় সমূহে মনোযোগ দেই, আমাদের কারণে যে সকল দুঃখ-কষ্টের সৃষ্টি হয়েছে সে সকল বিষয়ে দুঃখ প্রকাশ করি ও অনুতপ্ত হই এবং আমাদের সমাজের মধ্যে খ্রীষ্টের নামে পুনর্মিলন দাবি করি।

পৃথিবী জুড়ে সকল চার্চের নারীদের সাহস দান এবং কাজগুলো উদযাপন করি।

সবচেয়ে অবহেলিত জনগোষ্ঠীর জন্য ঐক্যবদ্ধভাবে কাজ করি। চার্চ এবং বৃহত্তর সমাজে নেতৃত্ব প্রদান করার জন্য নারী এবং মেয়েদের প্রস্তুত করি।

চার্চের আরও বৃদ্ধি, শক্তিশালী এবং পরিপক্ব করার জন্য সমস্ত মহিলা এবং পুরুষদের সকল আত্মিক দান এবং সুযোগগুলোকে আশীর্বাদের বিষয় বলে ধারণ করি।

১. উক্ত আহ্বান ২০১৯ সালের নভেম্বর মাসে “ওয়ার্ল্ড ইভানজেলিক্যাল এ্যালায়েন্স জেনারেল এ্যাসেমব্লী এন্ড লুসান ইন্টারন্যাশনাল” কর্তৃক অনুমোদিত হয়।

২. লুসান কেপটাউন কমিটমেন্ট-২০১০ এর পৃষ্ঠা ৬, ৭-৮ এ দেখুন।

৩. বাইবেলে আরো অনেক অধ্যায় রয়েছে যেগুলো সমানভাবে আত্মিক দান, ভূমিকা, এবং দায়িত্ব সমূহকে তুলে ধরেছে। যেমন: আদি-১:২৬-২৮, ২:২৩, যোহন- ১৭: ২১-২৩, থেরিও-২:১৭-১৮, গালাতীয়-৩:২৮, ইফিষীয়-৫:২১